

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারী মাধ্যমিক -০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১৬.২০১০ (খন্ড-২).১২৮

তারিখ: ০৭/০৩/২০১৮ খ্রি:

বিষয় : জয়পুরহাট জেলার উপজেলাধীন পাঠানপাড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: আ: কুদ্দুস এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র : ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.৫২ তারিখ : ০৪ মার্চ ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারী মাধ্যমিক-১ শাখা হতে জয়পুরহাট জেলার উপজেলাধীন পাঠানপাড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: আ: কুদ্দুস এর দাখিলকৃত জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ইস্যুকৃত বি.এড পাসের সনদটি সঠিক নয় এবং অবৈধভাবে বেতন ভাতা উত্তোলনের দায়ে এম.পি.ও নির্দেশিকা অনুসারে তার বেতন ভাতা বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে।


২.০ উল্লেখ্য, জনবল কাঠামো নির্দেশিকা ১৮ (১)(ঘ) নিম্নরূপ :

এম.পি.ও ভুক্তির জন্য ভূয়া বা জাল শিক্ষাগত যোগ্যতার সনদ/নিবন্ধন সনদ প্রদান, ভূয়া/জাল নিয়োগ সংক্রান্ত রেকর্ড প্রদান, মহিলা কোটা অনুসরণ ব্যতীত শিক্ষক নিয়োগ প্রদান এবং প্যাটার্ন বহির্ভূত পদে এম.পি.ও এর জন্য আবেদন প্রেরণ করলে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত করা হবে।

৩.০ এমতাবস্থায়, জনবল কাঠামো নির্দেশিকা ১৮ (১)(ঘ) অনুযায়ী বি.এড পাসের সনদ সঠিক না হওয়ায় জয়পুরহাট জেলার উপজেলাধীন পাঠানপাড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: আ: কুদ্দুস এর বেতন - ভাতার সরকারি অংশ স্থগিত করে কেন তা স্থায়ীভাবে বন্ধ করা হবে না সে মর্মে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে


(নুসরাত জাবীন বানু)
যুগ্মসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. উপসচিব (বেসরকারী মাধ্যমিক-১ শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।